

■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১০৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৩২]

৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضع الصلاة)

পরিচ্ছেদঃ ৩. কবরের উপর মসজিদ নির্মাণ, মসজিদে ছবি বানানো, কবরকে সাজদার স্থান নির্ধারণ করার প্রতি নিষেধাজ্ঞা

بَابُ النَّهْيِ عَنِ بَنَاءِ الْمَسَاجِدِ عَلَى الْقُبُورِ وَاتِّخَادِ الصُّورِ فِيهَا وَالنَّهْيُ عَنِ اتِّخَادِ الْقُبُورِ
مَسَاجِدٍ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٌ بْنُ أَبِي شَيْبَةَ، وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، - وَاللَّفْظُ لِأَبِي بَكْرٍ - قَالَ إِسْحَاقُ
أَخْبَرَنَا وَقَالَ أَبُو بَكْرٌ، حَدَّثَنَا زَكَرِيَّاً بْنُ عَدَىٰ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَمْرُو، عَنْ زَيْدِ بْنِ أَبِي
أَنْيُسَةَ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ النَّجْرَانِيِّ، قَالَ حَدَّثَنِي جُنْدَبٌ، قَالَ
سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبْلًا أَنْ يَمُوتَ بِخَمْسٍ وَهُوَ يَقُولُ "إِنِّي أَبْرَأُ إِلَى اللَّهِ
أَنْ يَكُونَ لِي مِنْكُمْ خَلِيلٌ فَإِنَّ اللَّهَ تَعَالَى قَدْ اتَّخَذَنِي خَلِيلًا كَمَا اتَّخَذَ إِبْرَاهِيمَ خَلِيلًا وَلَوْ
كُنْتُ مُتَّخِذًا مِنْ أُمَّتِي خَلِيلًا لَا تَتَّخِذُ أَبَا بَكْرٍ خَلِيلًا أَلَا وَإِنَّ مَنْ كَانَ قَبْلَكُمْ كَانُوا
يَتَّخِذُونَ قُبُورَ أَنْبِيائِهِمْ وَصَالِحِيهِمْ مَسَاجِدًا أَلَا فَلَا تَتَّخِذُونَ الْقُبُورَ مَسَاجِدًا إِنِّي أَنْهَاكُمْ عَنْ
ذَلِكَ".

বাংলা

১০৭৫-(২৩/৫৩২) আবু বকর ইবনু আবু শায়বাহ ও ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) [শব্দাবলী আবু বকর এর] ...
জুন্দুব (রাযঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসল্লাম-এর মৃত্যুর পাঁচদিন
পূর্বে তাকে বলতে শুনেছি যে, তোমাদের মধ্যে থেকে আমার কোন খলীল বা একান্ত বন্ধু থাকার ব্যাপারে আমি
আল্লাহর কাছে মুক্ত। কারণ মহান আল্লাহ ইবরাহীমকে যেমন খলীল বা একান্ত বন্ধু হিসেবে গ্রহণ করেছেন, সে
রকমভাবে আমাকেও খলীল বা একান্ত বন্ধু হিসেবে গ্রহণ করেছেন। আমি আমার উম্মাতের মধ্য থেকে কাউকে
খলীল বা একান্ত বন্ধু হিসেবে গ্রহণ করতে চাইলে আবু বকরকেই তা করতাম। সাবধান থেকে তোমাদের পূর্বের
যুগের লোকেরা তাদের নবী ও নেককার লোকদের কবরসমূহকে মসজিদ (সাজদার স্থান) হিসেবে গ্রহণ করত।
সাবধান তোমরা কবরসমূহকে সাজদার স্থান বানাবে না। আমি এরূপ করতে তোমাদেরকে নিষেধ করে যাচ্ছি।
(ইসলামী ফাউন্ডেশন ১০৬৯, ইসলামীক সেন্টার ১০৭৭)

English

Jundub reported:

I heard from the Messenger of Allah (ﷺ) five days before his death and he said: I stand acquitted before Allah that I took any one of you as friend, for Allah has taken me as His friend, as he took Ibrahim as His friend. Had I taken any one of my Ummah as a friend, I would have taken Abu Bakr as a friend. Beware of those who preceded you and used to take the graves of their prophets and righteous men as places of worship, but you must not take graves as mosques; I forbid you to do that.

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জুন্দুব ইবনু 'আবদুল্লাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=47828>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন